LIBERTY JUSTICE EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)
WEST BENGAL STATE COMMITTEE
Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013
Mob: 9883717575, 8420094883 Email: cpdrs.india@gmail.com

উপযুক্ত পুনর্বাসন না দিয়ে হকার উচ্ছেদের বিরোধিতা করে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস-এর রাজ্য সম্পাদক রাজকুমার বসাক আজ (২৭.০৬.২০২৪) এক বিবৃতিতে বলেন,

"Protection of Livelihood and Regulation of Street Vending Act 2014 অনুসারে বিকল্প আয়ের ব্যবস্থা না করে কোন হকারকে উচ্ছেদ করা বেআইনি। বেঁচে থাকার অধিকার মানুষের মৌলিক অধিকার। আমাদের দেশে জনগণের কোন মৌলিক অধিকারই আজ সুরক্ষিত নয়। বেঁচে থাকার ও পরিবার-পরিজনদের বাঁচিয়ে রাখার তাগিদে সাধারণ মানুষ উদয়াস্ত পরিশ্রম করে দু'মুঠো অন্নের সংস্থান করেন। সরকার আইনের রক্ষক অথচ কোন আইনের তোয়াক্কা না করে পশ্চিমবঙ্গ সরকার হকারদের নির্বিচারে উচ্ছেদ করতে শুরু করেছে।

এ কথা ঠিক বহু রাস্তা ও ফুটপাতে স্বাভাবিক চলাচলের পরিস্থিতি নেই, নাগরিক সমাজের দাবি মেনে এই স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনা প্রয়োজন। কিন্তু  সরকারি জমি রাস্তা ফুটপাত দখলমুক্ত করার জন্য উপযুক্ত পুনর্বাসন না দিয়ে, কোন আগাম নোটিশ না দিয়ে, হকার উচ্ছেদ করে মানুষের জীবন জীবিকার অধিকার কেড়ে নেওয়া, গরিব হকারের সম্পত্তি নষ্ট করা চরম মানবাধিকার লংঘনকারী পদক্ষেপ।

আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস আইন অনুযায়ী বিকল্প আয়ের ব্যবস্থা না করে হকার উচ্ছেদের তীব্র প্রতিবাদ জানাই এবং অমানবিক অনৈতিক বেআইনি এই পদক্ষেপের বিরুদ্ধে সর্বস্তরের প্রতিবাদী মানুষকে সোচ্চার হওয়ার আহ্বান জানাই।"

সংবাদদাতা
রাজীব সিকদার
অফিস সম্পাদক